



## ৩৫ তম বিসিএস লিখিত পরীক্ষার প্রশ্ন

হুমায়রা সিদ্দিকা হুমাসা-Humaira Siddika Humasha

ড. আবু বকর সিদ্দিক-Dr. Abu Bakkar Siddiq



ড. সিদ্দিক পাবলিকেশন্স লেখক, গবেষক, শিক্ষক এবং শিক্ষার্থীদের জন্য-জ্ঞান ভান্ডার

বিষয়- বাংলাদেশ বিষয়াবলী

বিষয় কোড- ০০৫

সময়- ৪ ঘন্টা

[ডান দিকের সংখ্যাংশ সংশ্লিষ্ট প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

পূর্ণমান- ২০০

০১।	(ক) প্রাচীন বাংলার রাঢ় জনপদের সংক্ষিপ্ত বিবরণ দিন।	৫
	(খ) চিরস্থায়ী বন্দোবস্ত কী?	৫
	(গ) আওয়ামী লীগের ছয় দফা কী কী?	৫
	(ঘ) ১৯৭০-এ আওয়ামী লীগের বিজয়ের মূল তাৎপর্য কী?	৫
০২।	(ক) দক্ষিণ এশিয়ায় বাংলাদেশের ভৌগোলিক অবস্থান সংক্ষেপে ব্যাখ্যা করুন।	৫
	(খ) বঙ্গোপসাগরের অর্থনৈতিক গুরুত্ব কী?	৫
	(গ) বাংলাদেশের বনজ সম্পদের সংক্ষিপ্ত বিবরণ দিন।	৫
	(ঘ) তিস্তার পানি সংকটের পরিবেশগত প্রভাব সংক্ষেপে আলোচনা করুন।	৫
০৩।	(ক) বাংলাদেশের গত পাঁচ বছরের ধারাবাহিক মোট দেশজ উৎপাদনের বা জিডিপি'র বিবরণ দিন।	৫
	(খ) রেমিট্যান্স খাত বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে কী অবদান রাখছে?	৫
	(গ) বাংলাদেশে শিল্পায়নের ক্ষেত্রে পাঁচটি প্রতিবন্ধকতা তুলে ধরুন।	৫
	(ঘ) সামাজিক উন্নয়ন সূচকে বাংলাদেশের অগ্রগতির একটি সংক্ষিপ্ত ধারণা দিন।	৫
০৫।	(ক) বাংলাদেশ সংবিধানের ধর্মনিরপেক্ষতা সংক্রান্ত ১২ ধারাটি লিখুন।	৫
	(খ) বাংলাদেশ সংবিধানের ৭০ ধারায় আপনি কী ধরনের সংস্কার প্রস্তাব করবেন?	৫
	(গ) বাংলাদেশের সংবিধানের পঞ্চদশ সংশোধনীর পাঁচটি দিক উল্লেখ করুন।	৫
	(ঘ) সংসদীয় সরকার কিভাবে গঠিত হয়?	৫
০৪।	(ক) বাংলাদেশে পরিবেশ বিপর্যয় দ্বারা আপনি কী বুঝেন?	৫
	(খ) আপনার দৃষ্টিতে বাংলাদেশের নদী দূষণের প্রধান কারণগুলো কি কি?	৫
	(গ) বাংলাদেশে বর্জ্য ব্যবস্থাপনার একটি চিত্র তুলে ধরুন।	৫
	(ঘ) ভবিষ্যতে সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি বাংলাদেশের জলবায়ুর ওপর কী প্রভাব ফেলতে পারে?	৫
০৬।	(ক) বাংলাদেশের নির্বাচন কমিশন কিভাবে গঠিত হয়? এর প্রধান কাজ কি কি?	৫
	(খ) এটর্নি জেনারেলের কাজ কি কি? সংক্ষেপে আলোচনা করুন।	৫
	(গ) বাংলাদেশে ন্যায়পালের গুরুত্ব ব্যাখ্যা করুন।	৫
	(ঘ) ২০০১ সাল থেকে বাংলাদেশের সংসদ নির্বাচনের আইনে একজন সাংসদের জন্য নির্বাচনী ব্যয়ের একটি ধারাবাহিক পরিবর্তন চিত্র তুলে ধরুন।	৫

- ০৭। (ক) বাংলাদেশের প্রধানমন্ত্রীর সাংবিধানিক ক্ষমতার একটি বিবরণ দিন। ৫  
 (খ) বাংলাদেশের আইন পরিষদের গঠন সম্পর্কে লিখুন। ৫  
 (গ) বাংলাদেশের জাতীয় সংসদের কার্যক্রম পরিচালনায় Rules of Procedure-এর গুরুত্ব সংক্ষেপে লিখুন। ৫  
 (ঘ) বাংলাদেশের উচ্চ আদালতের গঠন সম্পর্কে লিখুন। ৫

- ০৮। (ক) বাংলাদেশের পররাষ্ট্রনীতির মূলনীতিগুলো কি কি? ৫  
 (খ) 'জাতীয় স্বার্থ সংরক্ষণই বাংলাদেশের পররাষ্ট্রনীতির মূল নির্ধারক' –ব্যাখ্যা করুন। ৫  
 (গ) অর্থনৈতিক দিক থেকে জাতিসংঘ শান্তি মিশনে বাংলাদেশের অংশগ্রহণের গুরুত্ব সংক্ষেপে তুলে ধরুন। ৫  
 (ঘ) BCIM দ্বারা কী বুঝায়? আঞ্চলিক সহযোগিতা বৃদ্ধিতে এর প্রধান তাৎপর্য ব্যাখ্যা করুন। ৫

- ০৯। (ক) বাংলাদেশে কোন ধরনের দল ব্যবস্থা রয়েছে? সংক্ষেপে ব্যাখ্যা করুন। ৫  
 (খ) ১৯৫৫ সালে আওয়ামী মুসলিম লীগ থেকে 'মুসলিম' শব্দটি বাদ দেয়ার তাৎপর্য সংক্ষেপে ব্যাখ্যা করুন। ৫  
 (গ) বাংলাদেশে রাজনৈতিক দলের কার্যাবলি সংক্ষেপে লিখুন। ৫  
 (ঘ) ১৯৯১ সাল পরবর্তী সময়ে বাংলাদেশের বিরোধী দলীয় রাজনীতির উল্লেখযোগ্য বৈশিষ্ট্যগুলো কি কি? ৫

**১০। টীকা লিখুন (যে কোন ঐটি)**

**৫×৪ =২০**

- (ক) আন্তর্জাতিক শ্রমবাজার ও বাংলাদেশ,  
 (খ) বাংলাদেশ ও বিশ্ব বাণিজ্য সংস্থা,  
 (গ) বিশ্ব ক্রিকেট ও বাংলাদেশ,  
 (ঘ) সরকারী চাকুরীতে কোটা,  
 (ঙ) বাংলাদেশে প্রাইভেট-পাবলিক অংশীদারিত্ব,  
 (চ) ই-গভর্নেন্স ও বাংলাদেশ,  
 (ছ) বাংলাদেশের সমুদ্র বিজয়,  
 (জ) বাংলাদেশের খনিজ সম্পদ।